

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬০

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَّارَةِ)

পরিচ্ছেদঃ পাকানো গোসত স্পর্শ করার কারণে ওয়ূ আবশ্যিক হয়ে যায় না

ذَكَرُ الْبَيَّانِ بَأَنَّ مَسْحَ الْمَرْءِ اللَّحْمِ النَّبِيِّ لَا يُوجِبُ عَلَيْهِ وُضُوءًا

আরবী

1160 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عُمَيْرٍ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ قَالَ: حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنَا هِلَالُ بْنُ مَيْمُونٍ قَالَ: حَدَّثَنَا عَطَاءُ بْنُ يَزِيدَ اللَّيْثِيُّ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِغُلَامٍ يَسْلُخُ شَاةً فَقَالَ لَهُ: (تَنَحَّ حَتَّى أُرِيكَ فَإِنِّي لَا أَرَاكَ تُحْسِنُ تَسْلُخًا) قَالَ: فَأَدْخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ بَيْنَ الْجِلْدِ وَاللَّحْمِ فَدَحَسَ بِهَا حَتَّى تَوَارَتْ إِلَى الْإِبْطِ ثُمَّ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَكَذَا يَا غُلَامُ فَاسْلُخْ) ثُمَّ انْطَلَقَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأْ وَلَمْ يَمْسَسْ مَاءً.

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1160 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৬০. আবু সাঈদ খুদরী রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক বালকের পাশ দিয়ে অতিক্রম করেন, যে সময় বালকটি একটি মেষের চামড়া ছড়াচ্ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “তুমি একটু সরে দাঁড়াও, যাতে আমি তোমাকে দেখিয়ে দিতে পারি (কিভাবে চামড়া ছড়াতে হয়), কারণ আমি দেখতে পাচ্ছি যে তুমি ভুলভাবে চামড়া ছড়াতে পারছো না।” রাবী বলেন, “তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাত চামড়া ও গোসতের মাঝে ঢুকিয়ে দিলেন এমনকি তাঁর হাতের বগল পর্যন্ত চামড়া অন্তরালে চলে যায়। তারপর তিনি বলেন, “বৎস, এভাবে চামড়া ছড়াও।” তারপর তিনি চলে আসেন এবং সালাত আদায় করেন কিন্তু তিনি নতুন করে ওয়ূ করেননি, এমনকি পানিও স্পর্শ করেননি।”[1]

## ফুটনোট

[1] আবু দাউদ: ১৮৫; ইবনু মাজাহ: ৩১৭৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৯।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90473>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন